# চট্টগ্রাম বোর্ড-২০১৬

## যুক্তিবিদ্যা-দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ২ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. যুক্তিবিদ্যা ক্লাসে জসিম স্যার পদের সংজ্ঞা নিয়ে আলোচনা করতে গিয়ে 'হাতি' পদের সংজ্ঞা দিতে বললেন। উত্তরে শিহাব বলল 'হাতি হলো চতুষ্পদ জীব'। মঈন বলল না স্যার 'হাতি হলো হস্তী।' শুনে স্যার হাসতে হাসতে বললেন, দুজনের উত্তরই ভুল।

ক. যৌক্তিক সংজ্ঞা কী? ১

খ. 'মানুষ হয় প্রাণী'— এখানে সংজ্ঞার কোন নিয়ম লঙ্ঘনজনিত অনুপপত্তি ঘটেছে? ২

গ. উদ্দীপকে শিহাবের উক্তিতে যৌক্তিক সংজ্ঞার কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিহাব ও মঈনের বক্তব্যের তুলনামূলক আলোচনা কর। ৪

২. রীতা ও মিতা বন্ধুদের সাথে বৃক্ষমেলায় গিয়েছে। বাড়ি ফিরলে বাবা জিজ্ঞেস করলো 'তোমরা কি কি গাছ দেখলে?' উত্তরে রীতা বলল বিভিন্ন ধরনের গাছ দেখেছি এর মধ্যে ৯০% গাছই ফলযুক্ত আর ১০% গাছ ফলবিহীন। বোনকে থামিয়ে দিয়ে মিতা বলল না বাবা ৯০% গাছ ফলযুক্ত আর ১০% গাছ পাতাবিহীন। বাবা হেসে বললেন, মা মিতা গাছকে এভাবে বিভাজন করা যায় না।

ক. যৌক্তিক বিভাগ প্রক্রিয়ায় একই সময়ে কয়টি মূল সূত্র অনুসরণ করা হয়? ১

খ. যৌক্তিক বিভাগ কী? ২

গ. উদ্দীপকে রীতার বক্তব্যে যৌক্তিক বিভাগের কোন নিয়ম অনুসরণ করা হয়েছে? ৩

ঘ. উদ্দীপকে রীতা ও মিতার বক্তব্য যৌক্তিক বিভাগের নিয়ম ও অনুপপত্তি অনুযায়ী বিশ্লেষণ কর। ৪

৩. দৃষ্টান্ত-ক: আমি এ যাবৎ যত মানুষ দেখেছি তারা সবাই মরণশীল।
∴ সব মানুষ হয় মরণশীল।

দৃষ্টান্ত-খ: আমি এ যাবৎ যত মানুষ দেখেছি তারা সবাই স্বার্থপর
∴ সব মানুষ হয় স্বার্থপর।


ক. প্রকৃত আরোহ কত প্রকার? ১

খ. সার্বিক সংশ্লেষক যুক্তিবাক্য ব্যাখ্যা কর। ২

গ. দৃষ্টান্ত (ক) যে আরোহে প্রকাশ করে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃষ্টান্ত (ক) ও দৃষ্টান্ত (খ) এর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪


৪.



ক-ত্রিভুজ



খ-ত্রিভুজ



গ-ত্রিভুজ

http://teachingbd.com

পরীক্ষা করে দেখা গেল যে উপরের তিনটি ত্রিভুজেরই তিন কোণের সমষ্টি ২ সমকোণ বা ১৮০°। এর ওপর ভিত্তি করে আমরা বলতে পারি যে, যে কোনো ত্রিভুজেরই ৩ কোণের সমষ্টি ২ সমকোণ বা ১৮০°।

ক. অ-প্রকৃত আরোহের প্রকার লেখ। ১

খ. যুক্তিসাম্যমূলক আরোহ কাকে বলে? ২

গ. উদ্দীপকের সাথে পাঠ্যপুস্তকের কোন বিষয়ের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দ্বারা প্রতিষ্ঠিত আরোহ কি প্রকৃত আরোহ? বিশ্লেষণ কর। ৪

৫. একদিন সকালে মাহবুব সাহেব দেখলেন যে, তার পুকুরে সব মাছ মরে ভেসে আছে। তিনি ভাবলেন বিষ প্রয়োগে মাছ মারা হয়েছে এবং চৌধুরী পরিবারের কেউ এই কাজ করেছে। মাহবুব সাহেবের ছেলে সরকার পরিবারকে সন্দেহ করে। মাহবুব সাহেবের ভাই পূর্ব শত্রুতার জের ধরে বলেন, 'অবশ্যই চৌধুরী পরিবারের কেউ এই কাজের সাথে জড়িত।' মাহবুব সাহেব পুকুর পাড়ে একটি বিষের বোতল দেখতে পান। পরবর্তীতে ফিঙ্গার প্রিন্ট পরীক্ষায় বোতলের গায়ে আঙ্গুলের ছাপ চৌধুরী পরিবারের একজন সদস্যের আঙ্গুলের ছাপের সাথে মিলে যাওয়ায় মাহবুব সাহেব তার সন্দেহের সত্যতা সম্পর্কে নিশ্চিত হলেন।

ক. বাস্তব কারণ কী? ১

খ. কার্যকারণ নীতিতে নঞর্থক কাজ কী? ব্যাখ্যা কর। ২

গ. ফিঙ্গার প্রিন্টের মাধ্যমে কারণ নির্ণয় প্রকল্প প্রমাণের কোন উপায়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাহবুব সাহেব ও তার ভাইয়ের প্রকল্পের মধ্যে কোনটি যথার্থ? বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৬. আনান, রোহান, লাহান্তিসহ তার মা ও বাবা পাঁচ সদ্যসের একটি পরিবার। একদিন তারা প্রত্যেকেই পেটের পীড়ায় আক্রান্ত হয়েছে। তাদেরকে জিজ্ঞাসা করে জানা গেল যে, আনান খেয়েছে– ভাত, মাছ, ডাল ও মাংস। রোহান খেয়েছে– রুটি, সবজি, কলা ও মাংস। লাহান্তি খেয়েছে– রুটি, মাংস ও ডাল। মা খেয়েছেন– ভাত, মাছ, মাংস ও দই। বাবা খেয়েছেন– রুটি, কলা, মাংস ও সবজি।

ক. প্রমাণ পদ্ধতির বিকল্প নাম কোনটি? ১

খ. প্রমাণ পদ্ধতিগুলোর নাম লেখ। ২

গ. উদ্দীপকে কোনটি পেটের পীড়ার কারণ বলে তুমি মনে কর? কারণ নির্ণয়ের পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের যে পদ্ধতির কথা বলা হয়েছে তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

TeachingBd.com

৭. দাদি বাড়ির পাশের পুকুরটি দেখিয়ে বললেন 'আমরা ছোটবেলায় শুনেছি এই পুকুরে আগে পানি ছিল না, পরে পুকুরের মালিক স্বপ্নে আদিষ্ট হয়ে ছাগল বলীদান করার পর পুকুরে পানি আসে।' বিজ্ঞানের ছাত্রী লাহান্তি বলল— এটা অবাস্তব। জগতের প্রতিটি ঘটনারই কোনো না কোনো বাস্তব কারণ আছে। মাটি খনন করে নির্দিষ্ট স্তরে যেতে পারলেই পানি পাওয়া যায়।

ক. ব্যাখ্যা কত প্রকার। ১

খ. বৈজ্ঞানিক ব্যাখ্যার রূপগুলো লেখ। ২

গ. লাহান্তির দাদির বক্তব্যে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. লাহান্তি ও তার দাদির বক্তব্যের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৮. তথ্য-১: মিঃ সাঈদ বৃক্ষপ্রেমী মানুষ। বাড়ির আঙ্গিনায় ফলের ও ফুলের বাগান করেছেন। এক্ষেত্রে তিনি ফলের গাছগুলো একদিকে ও ফুলের গাছগুলো অন্যদিকে লাগিয়েছেন— যাতে তার কাজের সুবিধা হয়।

তথ্য-২: মিঃ সাঈদ প্রকৃতিপ্রেমী মানুষ। তিনি তার বাড়ির আঙ্গিনায় বিভিন্ন রকমের গাছ লাগিয়েছেন। তার বাগানে ঘুরলে সপুষ্পক ও অপুষ্পক এই দুই শ্রেণির উদ্ভিদ দেখা যায়।

ক. শ্রেণীকরণ প্রধানত কত প্রকার? ১

খ. শ্রেণীকরণ করা যায় না এমন দুটি বিষয়ের নাম লেখ। ২

গ. উদ্দীপকের কোন দৃষ্টান্তটি কৃত্রিম শ্রেণীকরণকে প্রকাশ করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য-১ ও তথ্য-২ এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯. দৃশ্যপট-১: ব্রাহ্মণবাড়িয়া অঞ্চলের শাহবাজপুর গ্রামে একদিন প্রবলবেগে টর্নেডো বয়ে গেল। কেউ-ই এ বিষয়ে অবগত ছিল না। আবহাওয়া বিভাগও কিছু জানায়নি। হঠাৎ করেই যেন এটি ঘটে গেল।

দৃশ্যপট-২: অন্য আরেক দিন সারাদেশে ভ্যাপসা গরম, আকাশে ঘন কালো মেঘের ঘনঘটা। সমুদ্রে নিম্নচাপ তৈরি হয়েছে। বেতার ও টিভিতে ঘন ঘন ১০নং মহাবিপদ সংকেত প্রচার হতে লাগলো রাতের শেষভাগে ঝড় বয়ে যতে পারে।

ক. আকস্মিকতা কী? ১

খ. সম্ভাবনা পরিমাপের দুটি নিয়ম লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত ১ম দৃশ্যপট বিষয়টি পাঠ্যবইয়ের যে বিষয়ের সাথে মিল আছে তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দৃশ্যপট-১ এবং দৃশ্যপট-২ এর তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# যুক্তিবিদ্যা-দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ২ |

সময়-৪০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**১. শ্রেণীকরণ প্রধানত কী ধরনের প্রক্রিয়া?**
ক) সামাজিক খ) গাণিতিক
গ) মানসিক ঘ) কাঠামোগত

**২. শ্রেণীকরণের ক্ষেত্রে—**
i. বস্তু বা ঘটনাকে বিবেচনা করা হয়
ii. সাদৃশ্য ও বৈসাদৃশ্য লক্ষ করা হয়
iii. গুণ ও পরিমাণ বিচার করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৩. কারণের গুণগত বৈশিষ্ট্য কী?**
ক) বস্তুর নিত্যতা খ) শক্তির নিত্যতা
গ) অভেদ নিয়ম ঘ) আপেক্ষিকতার নিয়ম

**৪. অনিরীক্ষণ অনুপপত্তি কত প্রকার?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**উদ্দীপকটি পড়ে ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মিসেস আলী তাঁর রান্নাঘরে জিনিসগুলো বিষয় অনুসারে সাজিয়ে রেখেছে যেন কম সময়ে ও প্রয়োজনমতো পাওয়া যায়।

**৫. উদ্দীপকে বর্ণিত মিসেস আলীর শ্রেণিবিন্যাসটি কোন ধরনের?**
ক) কৃত্রিম খ) প্রাকৃতিক
গ) ক্রমিক ঘ) লৌকিক

**৬. 'সম্ভাবনা' প্রকাশক/নির্দেশক বাক্য—**
i. আজ সম্ভবত বৃষ্টি হবে
ii. আজ বৃষ্টি হয়েছে
iii. আজ বৃষ্টি হবেই
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

**৭. সম্ভাবনা কত প্রকার?**
ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

**উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
বাসে উঠে মাইনুল সিটে বসতেই দেখে তার পাশের সিটে ছোটবেলার বন্ধু আইনুল বসে আছে। বাইরের দিকে তাকিয়ে আকাশ মেঘলা দেখে তারা ভাবল 'বৃষ্টি হতে পারে।'

**৮. আইনুলকে দেখার বিষয়টি নির্দেশ করে—**
ক) সম্ভাবনা খ) ব্যাখ্যা
গ) আকস্মিকতা ঘ) শ্রেণীকরণ

**৯. দুই বন্ধুর সাক্ষাৎ এবং বৃষ্টি হতে পারার বিষয়টি কার্যকারণ সম্পর্কে যে ধারণা দেয়—**
i. অজ্ঞতা
ii. অপূর্ণ জ্ঞান
iii. ভ্রান্ত ধারণা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**১০. সম্ভাবনা পরিমাপের মৌলিক নিয়ম কয়টি?**
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ৬

**১১. সংজ্ঞা পদের কোন দিকটিকে আলোচনা করে?**
ক) ব্যক্ত্যর্থ খ) জাত্যর্থ
গ) সদর্থক ঘ) নঞর্থক

**১২. যৌক্তিক সংজ্ঞার নিয়ম কয়টি?**
ক) ৩ খ) ৪
গ) ৫ ঘ) ৬

**১৩. যৌক্তিক সংজ্ঞার মাধ্যমে করা সম্ভব—**
i. শব্দের ভাণ্ডার বাড়ানো
ii. পদের দ্ব্যর্থকতা পরিহার
iii. পদের অর্থ অস্পষ্ট করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. যৌক্তিক সংজ্ঞার সীমা প্রযোজ্য হয়—**
i. পরমতম জাতির ক্ষেত্রে
ii. মৌলিক বিষয়ের ক্ষেত্রে
iii. বিশিষ্ট গুণবাচক পদের ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
দোয়েল বলল, উট একটি প্রাণী যা বাঘ নয়।
কোয়েল: উট হচ্ছে মরুভূমির জাহাজ।

**১৫. কোয়েলের বক্তব্যে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?**
ক) দুর্বোধ্য খ) অবান্তর লক্ষণজনিত
গ) রূপক ঘ) বাহুল্য

**১৬. দোয়েল ও কোয়েলের বক্তব্যে মিল পাওয়া যায়—**
i. উভয়ই সংজ্ঞার নিয়ম লঙ্ঘন করেছে
ii. দোয়েল নিয়ম মেনেছে, কোয়েল নিয়ম ভঙ্গ করেছে
iii. উভয় বক্তব্যে অনুপপত্তি ঘটেছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii


**১৭. যৌক্তিক বিভাগ বিশ্লেষণ করে—**
i. পদের জাত্যর্থ
ii. পদের অর্থ
iii. পদের ব্যক্ত্যর্থ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

**১৮. যৌক্তিক বিভাগের কয়টি নিয়ম?**
ক) ৪ খ) ৫ গ) ৬ ঘ) ৭

**১৯. 'Dichotomy' শব্দের অর্থ কী?**
ক) দুই ভাগ করা খ) তিন ভাগ করা
গ) চার ভাগ করা ঘ) পাঁচ ভাগ করা

**২০. মুদ্রাকে স্বর্ণ, তাম্র, রৌপ্য, নিকেল ও ব্যাংক নোটে ভাগ করলে কোন ধরনের অনুপপত্তি ঘটবে?**
ক) সংকর খ) অতি ব্যাপক
গ) অব্যাপক ঘ) উল্লম্ফন

**উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**




Teachingbd.com

২১. উক্ত বিভাগ প্রক্রিয়ায় বিভাগের কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?
ⓚ উল্লম্ফন ⓚ সংকর
ⓖ অজ্ঞাগত ⓖ গুণগত

২২. উদ্দীপকে যে বিভাগজনিত অনুপপত্তি ঘটেছে তার কারণ—
ⓚ একাধিক মূলসূত্র গ্রহণ
ⓚ একই সময়ে একটি মূলনীতি গ্রহণ
ⓖ মূলসূত্রের অনুপস্থিতি
ⓖ অজাতিবাচক পদের বিভাজন

২৩. যুক্তিবিদ জে. এস মিলের মতে, আরোহ কত প্রকার?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।

| কার্যকারণ নিয়ম | প্রকৃতির নিয়ম | আরোহমূলক লম্ফ | = | ? |
|---|---|---|---|---|
| ক | খ | গ | | |

২৪. উদ্দীপকের ক, খ ও গ একত্রিত করলে '?' স্থানে কোনটি বসবে?
ⓚ ঘটনা সংযোজন ⓚ পূর্ণাজ্ঞা আরোহ
ⓖ বৈজ্ঞানিক আরোহ ⓖ সাদৃশ্যানুমান

২৫. উদ্দীপকে ক ও গ এবং ক, খ ও গ এর মিলিত রূপের মধ্যে কী ধরনের সাদৃশ্য আছে?
ⓚ প্রকৃত আরোহ ⓚ অপ্রকৃত আরোহ
ⓖ মাধ্যম অনুমান ⓖ অমাধ্যম অনুমান


২৬. পূর্ণাজ্ঞা আরোহ পদ্ধতি প্রয়োগ করা যায় শুধু—
i. সীমিত সংখ্যক দৃষ্টান্তে
ii. অল্প সংখ্যক দৃষ্টান্তে
iii. বেশি সংখ্যক দৃষ্টান্তে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৭. প্রকল্প হবে—
i. যাচাইযোগ্য
ii. বাস্তব ঘটনাভিত্তিক
iii. সামঞ্জস্যপূর্ণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

২৮. প্রকল্পের ধারণাটি হয়—
i. আনুমানিক
ii. নিশ্চিত
iii. জটিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

২৯. প্রকল্পের স্তর কয়টি?
ⓚ ৩ ⓚ ৪
ⓖ ৫ ⓖ ৬

চিত্রটি অনুসারে ৩০ নং প্রশ্নের উত্তর দাও।




$\angle A + \angle B + \angle C = 180^\circ$ বা দুই সমকোণ।

৩০. উদ্দীপকে প্রতিফলন ঘটেছে—
ⓚ যুক্তিসাম্যমূলক আরোহ ⓚ ঘটনা সংযোজন
ⓖ পূর্ণাজ্ঞা আরোহ ⓖ বৈজ্ঞানিক আরোহ

৩১. ব্যাখ্যা কত প্রকার?
ⓚ ১ ⓚ ২
ⓖ ৩ ⓖ ৪

৩২. যাচাইকরণ কত প্রকার?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

৩৩. অপনয়ন সূত্র কে আবিষ্কার করেন?
ⓚ বেকন ⓚ মিল
ⓖ লিলি ⓖ বেইন

৩৪. অন্বয় শব্দের অর্থ কী?
ⓚ মিল ⓚ অমিল
ⓖ সুনির্দিষ্ট ⓖ স্থায়িত্ব

৩৫. পরীক্ষণমূলক পদ্ধতি কয়টি?
ⓚ ২ ⓚ ৩
ⓖ ৪ ⓖ ৫

৩৬. পরিশেষ অর্থ—
i. যোগফল
ii. বিয়োগফল
iii. ভাগশেষ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

৩৭. পার্থক্যের পদ্ধতি কোনটি?
ⓚ অন্বয়ী ⓚ ব্যতিরেকী
ⓖ পরিশেষ ⓖ সহ-পরিবর্তন

৩৮. ব্যাখ্যার উদ্দেশ্য হলো—
i. জটিলকে সহজ করা
ii. মনের ভাব প্রকাশ করা
iii. সহজ ঘটনাকে কঠিন করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
গ্রামে কলেরা রোগের প্রাদুর্ভাব দেখা গেল। মানুষ আতঙ্কিত হয়ে বাঁচার জন্য শিরনির ব্যবস্থা করল। গ্রামের লোকজন মনে করলো 'উলা-বিবির' অসন্তুষ্টির কারণে কলেরা রোগ দেখা দিল।'

৩৯. উদ্দীপকে কলেরা রোগের কারণ হিসেবে লোকজনের ব্যাখ্যায় কাজ করেছে—
i. কুসংস্কার
ii. অন্ধ বিশ্বাস
iii. গোঁড়ামি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ iii ⓖ i, ii ও iii

৪০. উদ্দীপকে বর্ণিত বিষয়টি কোন ধরনের ব্যাখ্যা?
ⓚ বৈজ্ঞানিক ⓚ লৌকিক
ⓖ কাল্পনিক ⓖ তাত্ত্বিক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | ঘ | ৪০ | খ |

Teachingbd.com